# এসএসসি পরীক্ষা ২০২১ হিসাব বিজ্ঞান ২য় এ্যাসাইনমেন্ট

হিসাববিজ্ঞান দ্বিতীয় অ্যাসাইনমেন্ট এর প্রশ্ন উল্লেখিত মূল্যায়ন রুবি ও নির্দেশনা সমূহ অনুস্বরণ করে তোমাদের জন্য

একটি বাছাই করা উত্তর নিচে প্রদান করা হলো। এখানে উপরে উল্লেখিত নির্দেশনায় ও রুবিক্স এ সবগুলো প্রশ্ন ধারাবাহিকভাবে সমাধান করে দেয়ার চেষ্টা করা হলো।

## জাবেদার ধারণা ও গুরুত্ব , বিশেষ ও প্রকৃত জাবেদার শ্রেণি বিভাগ এবং লেনদেন জাবেদাভুক্ত করণ

নিচে ধারাবাহিকভাবে তোমাদের জন্য হিসাববিজ্ঞান দ্বিতীয় এসাইনমেন্টে দেওয়া নির্দেশনা সমূহ এর আলোকে জাবেদার ধারণা ও গুরুত্ব , বিশেষ ও প্রকৃত জাবেদার শ্রেণি বিভাগ এবং লেনদেন জাবেদাভুক্ত করণ করে দেওয়া হল।

**প্রশ্ন–ক: জাবেদার ধারণা ও গুরুত্ব;**

**উত্তরঃ** জাবেদার ধারণা ও গুরুত্ব:

**জাবেদার ধারণা:** লেনদেন সংঘটিত হওয়ার সাথে সাথে আমাদেরকে যতটক সম্ভর লেনদেনের বিশদ বিবরণ লিপিবদ্ধ করতে হয়। লেনদেনের এই বিবরণ প্রাথমিকভাবে প্রথম জাবেদায় লিপিবদ্ধ করা হয়।

লেনদেনের ডেবিট ও ক্রেডিট পক্ষ বিশ্লেষণ করে তারিখের ক্রমানুসারে ব্যাখ্যা সহকারে জাবেদাতে লিখে রাখা হয় পরবর্তী সময়ে হিসাবের পাকা বই খতিয়ান প্রস্তুতের ক্ষেত্রে জাবেদা সহায়ক বই হিসেবে কাজ করে।

যার কারণেই জাবেদাকে হিসাবের প্রাথমিক বই বলা হয়। জাবেদা বই সংরক্ষণ বাধ্যতামলক নয় কিন্তু হিসাব তৈরির সুবিধার্থে জাবেদা প্রয়াোজন। জাবেদায় লিপিবদ্ধ থাকার কারণে হিসাবে লেনদেন বাদ পড়ার সম্ভাবনা বহুলাংশে হ্রাস পায়।

**জাবেদার গুরুত্ব:** প্রতিষ্ঠানের হিসাবের বই নির্ভুল ও স্বচ্ছ হওয়া অত্যাবশ্যক। এই হিসাবের ভিত্তিতেই প্রতিষ্ঠানের আর্থিক ফলাফল ও সার্বিক আর্থিক অবস্থা নিরূপণ করা হয়। হিসাববিজ্ঞানের মুখ্য এই উদ্দেশ্য অর্জনে জাবেদা কীভাবে সহায়ক ভূমিকা পালন করে, তা সংক্ষেপে বর্ণনা করা হোল:

**১. লেনদেন লিপিবদ্ধকরণ:** প্রতিষ্ঠানে অসংখ্য লেনদেন সংঘঠিত হয়। এই লেনদেন সংঘঠিত হওয়ার সঙ্গে সঙ্গে খতিয়ানে লিপিবদ্ধ করা সম্ভব না – ও হতে পারে। জাবেদায় লেনদেন লিপিবদ্ধ থাকলে পরবর্তীতে খতিয়ানে অন্তর্ভুক্তকরণে কোনো অসুবিধা হয় না।

All Result BD

**২. লেনদেনের মোট সংখ্যা ও পরিমাণ জানা:** খতিয়ান হতে নির্দিষ্ট দিনে , সপ্তাহে বা মাসে কয়টি লেনদেন সংঘঠিত হয়েছে তা জানা সম্ভব নয়। জাবেদায় লেনদেন তারিখের ক্রমানুসারে লিখা হয় বলে নির্দিষ্ট তারিখে, সপ্তাহে বা মাসে মোট কয়টি লেনদেন ঘটেছে তা সহজেই জানা যায়। মোট কত টাকার লেনদেন বিভিন্ন সময়ে হয়েছে, তা -ও জাবেদা থেকে জানা সম্ভব।

**৩. দ্বৈত সত্তার প্রয়োগ নিশ্চিত:** দুতরফা দাখিলা পদ্ধতি অনুযায়ী লেনদেন সংশ্লিষ্ট ডেবিট ও ক্রেডিট পক্ষ একত্রে জাবেদায় লিখা হয় ফলে জাবেদা হতে দ্বৈত সত্তার প্রয়োগ সম্পর্কে নিশ্চিত হওয়া যায়।

**৪. লেনদেনের ব্যাখ্যা:** লেনদেন সম্পর্কিত কোন সন্দেহ বা প্রশ্ন দেখা দিলে জাবেদা হতে তার ব্যাখ্যা পাওয়া সম্ভব। কারণ জাবেদা বইতে লেনদেন লিপিবদ্ধের পাশাপাশি লেনদেন সংঘটিত হওয়ার কারণ ও ব্যাখ্যা উল্লেখ করা হয়।

**৫. ভুল-ক্রটি হ্রাস:** লেনদেন খতিয়ানে অন্তর্ভুক্তির পূর্বে জাবেদায় লিখা হলে হিসাবে ভুল ক্রটি ও খতিয়ানে বাদ পড়ার সম্ভাবনা হ্রাস পায়।

**৬. ভবিষ্যৎসূত্র:** জাবেদায় লেনদেনসমূহকে তারিখের ক্রমানুসারে সুশৃঙ্খলভাবে সাজিয়ে লিখে রাখা হয়। ভবিষ্যৎ যেকোনো প্রয়াোজনে জাবেদা। দলিল প্রমাণস্বরূপ ব্যবহার করা যায়।

**৭. পাকা বহির সহায়ক:** জাবেদা খতিয়ানের সহায়ক বইস্বরূপ কাজ করে বিধায় , খতিয়ান প্রস্তুত সহজ, পরিচ্ছন্ন ও নির্ভুল হয়।

**প্রশ্ন-খ: বিশেষ জাবেদার শ্রেণি বিভাগ করণ;**

**উত্তরঃ** বিশেষ জাবেদার শ্রেণিবিভাগকরণ: ব্যবসায়ের প্রায় সমস্ত লেনদেনই নিচে উল্লেখিত কোনো একটি বিশেষ জাবেদায় লিখা হয়।

**১. ক্রয় জাবেদা:** ক্রয় জাবেদায় প্রতিষ্ঠানের সকল বাকিতে পণ্য ক্রয় লিপিবদ্ধ করা হয়।

**২. বিক্রয় জাবেদা:** বিক্রয় জাবেদায় প্রতিষ্ঠানের সকল বাকিতে পণ্য বিক্রয় লিপিবদ্ধ করা হয়।

**৩. ক্রয় ফেরত জাবেদা:** বাকিতে ক্রয়কৃত পণ্য ফেরত দেওয়া হলে কয় ফেরত জাবেদায় লিপিবদ্ধ করা হয়।

**৪. বিক্রয় ফেরত জাবেদা:** বাকিতে বিক্রয়কৃত পণ্য ফেরত পাওয়া গেলে বিক্রয় ফেরত জাবেদায় লিপিবদ্ধ করা হয়।

**৫. নগদ প্রাপ্তি জাবেদা:** যে সকল লেনদেনের দ্বারা নগদ প্রাপ্তি ঘটে (নগদ পণ্য বিক্রয়সহ) , তা নগদ প্রাপ্তি জাবেদায় লিপিবদ্ধ করা হয়।

All Result BD

**৬. নগদ প্রদান জাবেদা:** যে সকল লেনদেনের দ্বারা নগদ প্রদান ঘটে (নগদ পণ্য ক্রয়সহ) , তা নগদ প্রদান জাবেদায় লিপিবদ্ধ করা হয়।

**প্রশ্ন-গ: প্রকৃত জাবেদার শ্রেণি বিভাগ করণ;**

**উত্তরঃ প্রকৃত জাবেদার শ্রেণিবিভাগকরণ:** সাধারণ জাবেদা ও প্রকৃত জাবেদা একই অর্থ বোধক। যে সকল লেনদেন বিশেষ জাবেদায় অন্তর্ভুক্ত হয় না সে সকল লেনদেন প্রকৃত জাবেদায় অন্তর্ভুক্ত হয়।

**১. সংশোধনী জাবেদাঃ** লেনদেন লিপিবদ্ধকরণে কোনো ভুল সংঘটিত হলে হিসাবে কাটা – হেঁড়া করে ঠিক করা যায় না। জাবেদা দাখিলার মাধ্যমে উক্ত ভুল সংশোধন করতে হয়। ভুল সংশোধনের জন্য যে জাবেদা দাখিলা প্রদান করা হয় তা-ই সংশোধনী জাবেদা।

**২. সমন্বয় জাবেদা:** আর্থিক ফলাফল নিরূপণের জন্য আর্থিক বিবরণী প্রস্তুত করা হয়। আর্থিক বিবরণী প্রত্যুতের সময় বকেয়া বা অগ্রিম খরচ , প্রাপ্য অথবা অগ্রিম প্রাপ্ত আয় , অবচয় বা অবলোপন, কুঋণ সঞ্চিতি ইত্যাদি লেনদেনের প্রাথমিক হিসাব বইতে অন্তর্ভুক্তির জন্য যে জাবেদা প্রস্তুত করা হয়, তাই সমন্বয় জাবেদা।

**৩. সমাপনী জাবেদা:** কোন নির্দিষ্ট বছরের মুনাফা জাতীয় আয় ও ব্যয় পরবর্তী বছরের হিসাবে কোনো প্রভাব ফেলবে না। তাই আর্থিক বিবরণী প্রতুতের সময় মুনাফা জাতীয় আয় ও ব্যয় হিসাবসমূহ বন্ধ করে দিতে হয়। হিসাব অধ্যায়ে আমরা জেনেছি, আয় হিসাব ক্রেডিট ও ব্যয় হিসাব ডেবিট উদ্বৃত্ত প্রকাশ করে। মুনাফা জাতীয় আয় ও ব্যয় হিসাব বন্ধ করার জন্য আয় হিসাব ডেবিট ও ব্যয় হিসাব ক্রেডিট করতে হবে। তাছাড়া সমাপনী জাবেদার মাধ্যমে উত্তোলন হিসাবও বন্ধ করা হয়।

**৪. প্রারম্ভিক জাবেদা:** ব্যবসায় প্রতিষ্ঠান একটি চলমান প্রক্রিয়া। বিগত বছরের হিসাবকালের শেষ দিনের সম্পদ, দায় ও মালিকানা স্বত্বের পরিমাণ পরবর্তী বছরের শুরুতে হিসাবে নিয়ে আসার জন্য প্রারম্ভিক দাখিলা প্রদান করা হয়।

**৫. অন্যান্য জাবেদা:** বিশেষ জাবেদার লেনদেনসমূহ এবং প্রকৃত জাবেদার উল্লিখিত চার ধরনের লেনদেন ছাড়াও ব্যবসায়ে কতিপয় লেনদেন সম্পন্ন হয় , যেমন ধারে সম্পত্তি ক্রয় – বিক্রয়, বাট্টা প্রদান ও বার্তা প্রাপ্তি, পণ্য বিতরণ প্রভৃতি। এসব লেনদেনও প্রকৃত জাবেদায় লিপিবদ্ধ হয়।

All Result BD

**প্রশ্ন-ঘ: সহায়ক তথ্য অনুসরন করে লেনদেনসমূহকে জাবেদাভুক্ত করণ;**

**উত্তরঃ** অ্যাসাইনমেন্টে উল্লেখিত শামস ব্রাদার্স এর ২০২০ সালের জানুয়ারি মাসের লেনদেনসমূহ জাবেদাভুক্ত করা হলো-

| তারিখ | হিসাবের শিরোনাম ও ব্যাখ্যা | | খ. পৃ. | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|---|---|---|
| ২০২০ | | | | | |
| জানু-১ | নগদান হিসাব | ডেবিট | | ৩০,০০০ | |
| | ব্যাংক হিসাব | ডেবিট | | ৪০,০০০ | |
| | ক্রয় হিসাব | ডেবিট | | ১৫,০০০ | |
| | মূলধান হিসাব | ক্রেডিট | | | ৮৫,০০০ |
| | *[নগদ টাকা, ব্যাংক জমা ও পণ্যদ্রব্য মুলধনস্বরুপ নিয়ে কারবার শুরু করলেন]* | | | | |
| জানু-৫ | নগদান হিসাব (৪০%) | ডেবিট | | ৮,০০০ | |
| | বিবিধ দেনাদার হিসাব | ডেবিট | | ১২,০০০ | |
| | বিক্রয় হিসাব | ক্রেডিট | | | ২০,০০০ |
| | *[পণ্য বিক্রয়, যার ৪০% নগদে, সুতরাং অবশিষ্ট বিক্রয় বাকিতে]* | | | | |
| জানু-৭ | নগদান হিসাব | ডিবিট | | ১২,০০০ | |
| | ব্যাংক হিসাব | ক্রেডিট | | | ১২,০০০ |
| | *[ব্যাংক হতে উত্তোলন]* | | | | |
| জানু-১০ | বিজ্ঞাপন হিসাব | ডেবিট | | ৮,০০০ | |
| | নগদান হিসাব | ক্রেডিট | | | ৮,০০০ |
| | *[প্রচারণা ব্যয়]* | | | | |

বন্ধুরা এই ছিল তোমাদের জন্য ২০২১ সালের এসএসসি পরীক্ষার্থীদের ব্যবসায় শিক্ষা বিভাগের হিসাববিজ্ঞান দ্বিতীয় অ্যাসাইনমেন্টের সমাধান বা উত্তর জাবেদার ধারণা ও গুরুত্ব , বিশেষ ও প্রকৃত জাবেদার শ্রেণি বিভাগ এবং লেনদেন জাবেদাভুক্ত করণ;